# ২০১০ অন্টারিও বাজেট চাকরি তৈরী
# এবং উন্নয়নের জন্য অন্টারিওকে উন্মুক্ত করে

### ম্যাকগিন্টি সরকারের সামন্জস্যপূর্ণ পরিকল্পনা জনসেবা রক্ষা করে
### এবং ঘাটতি দূর করার ব্যবস্থা নিতে রূপরেখা দেয়

**সংবাদ** **মার্চ ২৫, ২০১০**

২০১০ অন্টারিও বাজেটে ম্যাকগিন্টি সরকার তার পঞ্চবার্ষিকী পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছে যাতে নতুন চাকরি এবং উন্নয়নের জন্য অন্টারিও উন্মুক্ত হচ্ছে সাথে সাথে বিশ্ব মন্দার প্রভাবে ঘাটতি দূর করার রূপরেখা দিতে সাহায্য করছে।

সম্প্রতি থ্রনের অন্টারিও বক্তব্যে ঘোষিত পদক্ষেপ বর্ধিত করে এই বাজেট বিনিয়োগের প্রস্তাব করছে যাতে আসছে সেপ্টেম্বর মাসে ২০,০০০ অতিরিক্ত ছাত্র-ছাত্রী কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়ার সুবিধা পাবে এবং চাকরি তৈরী করবে আর উত্তর অন্টারিওতে অর্থনৈতিক উন্নয়ন করবে।

বিগত ছয় বছর ধরে উন্নয়নের ধারায় উন্মুক্ত অন্টারিও কর্মসূচী গঠিত। এই কর্মসূচী চাকরি তৈরী এবং অন্টারিওবাসীর পছন্দের কার্যক্রম বৃদ্ধি সহায়ক যেমন শিক্ষা, স্বাস্থ্য ও দক্ষতা বাড়ানোর প্রশিক্ষন।

২০১০ বাজেটে থাকছে ব্যায় ব্যবস্থাপনার পন্থা যেমন বেতন-ভাতাদীর উপর নিয়ন্ত্রন যাতে সরকারের কর্মসূচীগুলো আরও কার্যকর হয়। এতে করে দ্বয়িত্বশীল এবং বাস্তব সম্মত পরিকল্পনা প্রণিত হবে যা আগামী পাঁচ বছরে ঘাটতি অর্ধেক কমাবে এবং আট বছরে তা সম্পূর্ণ দূরীভুত করবে।

**উদ্ধৃতিসমূহ**

“আমাদের সরকার অন্টারিওর ব্যবসাগুলো এবং পরিবারসমূহের উপর বিশ্ব মন্দার প্রভাব কমাতে পদক্ষেপ নিয়েছে। আমরা স্বল্পমেয়াদে চাকরি তৈরী এবং দীর্ঘমেয়াদে উন্নয়নের ভিত্তি করতে একত্রে কাজ করে যাবো।
- ডুয়াইট ডানকান, অর্থ মন্ত্রী

“আমরা যারা জনগনের করের অর্থ গ্রহন করি তাদের একটা দ্বয়িত্ব আছে তা হলো অন্টারিওবাসীগন আমাদের বিদ্যালয়, হাসপাতাল এবং অন্যান্য জনসেবার যে উন্নয়ন করেছে তা চালিয়ে যাওয়ার।”
- ডুয়াইট ডানকান, অর্থ মন্ত্রী

.../২

তথ্যকণিকাসমূহ

**উচ্চমাধ্যমিক শিক্ষা**

- এই সেপ্টেম্বরে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ২০,০০০ নতুন স্থান প্রদানের জন্য ৩১০ মিলিয়ন ডলার বিনিয়োগ। এটা ২০০৯-১০ অর্থবছরে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি বাড়াতে ১৫৫ মিলিয়ন ডলার এবং ২০০৯ শরতে অন্টারিও ইকোনমিক আউটলুক এন্ড ফিসকেল রিভ্যু ঘোষিত ৬৫ মিলিয়ন ডলারের উপরি
- বিদেশে অন্টারিওর উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ব্যাপক প্রচারনা করা যাতে বিশ্বের সবচে' ভালো ছাত্র-ছাত্রীরা এখানে পড়তে আসে, বসবাস করে এবং অন্টারিওর অর্থনীতিকে আরও শক্তিশালী করতে সহাতা করে
- অন্টরিওর উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আরও সহায়তা দিয়ে ক্রেডিট ট্র্যান্সফার পদ্ধতির প্রয়োগ করে ছাত্র-ছাত্রীদের এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে যাবার দক্ষতা বৃদ্ধি।

**উত্তর অঞ্চলে চাকরি এবং উন্নয়ন**

- প্রতি বছর প্রায় ১৫০ মিলিয়ন ডলার করে একটা তিন বছর মেয়াদী উত্তরাঞ্চলীয় বিদ্যুৎ হার কর্মসূচী যাতে যোগ্য সব বড় বড় শিল্প-কারখানাগুলো তাদের বিদ্যুতের খরচ গড়ে প্রায় শতকরা ২৫ ভাগ কমে
- পরবর্তি তিন বছরে এবোরিজিন্যাল জনগষ্ঠির সহায়তার জন্য নতুন একটা প্রকল্প ভিত্তিক দক্ষতা প্রশিক্ষন কর্মসূচীতে ৪৫ মিলিয়ন ডলার এবং রিং অব ফায়ারের মত অর্থনৈতিক সম্ভাবনাতে উত্তরাঞ্চলীয় অন্টারিওবাসীদের অংশ গ্রহন ও তা থেকে উপকৃত হওয়া
- রিং অব ফায়ার অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের সম্ভাবনাকে সমাগ্রীক ভাবে এগিয়ে নেয়ার নেতৃত্ব দানের জন্য একজন নতুন বিং অব ফায়ার সমন্বয়কারী
- যোগ্য নিম্ন ও মধ্য আয়ের উত্তরাঞ্চলীয় অন্টারিওবাসীদের উচ্চ বিদ্যুৎ মূল্যের সহায়তার জন্য স্থায়ীভাবে নর্দার্ন অন্টারিও এনার্জি ক্রেডিট-এর প্রস্তাব।

**পূর্ণদিবস শিক্ষালয়ে**

- সেপ্টেম্বর ২০১০ থেকে শুরু হচ্ছে চার ও পাঁচ বছরের শিশুদের জন্য পূর্ণদিবস শিক্ষালয়ে অবস্থান বাস্তবায়ন যাতে প্রায় ৬০০ বিদ্যালয়ে ৩৫,০০০ পর্যন্ত শিশু উপকৃত হবে
  - এই কর্মসূচী ধাপে ধাপে কর্যকর করা হবে, লক্ষ্য হচ্ছে ২০১৫-১৬ অর্থ বছরের মধ্যে পূর্ণদিবস শিক্ষালয়ে অবস্থান কার্যক্রম সম্পূর্ণ রূপে বাস্তবায়িত হয়
  - শিশুদের পূর্ণদিবস শিক্ষালয়ে অবস্থান সম্পূর্ণরূপে বাস্তবায়ন হলে অতিরিক্ত ৩,৮০০ জন পর্যন্ত শিক্ষক ও ২০,০০০ শিশু শিক্ষকের কর্ম সংস্থান হবে এবং প্রায় ২৪৭,০০০ শিশু উপকৃত হবে।

**শিশু সেবায় বিনিয়োগসমূহ**

- কেন্দ্রীয় সরকারের রেখে দেয়া ফাঁক স্থায়ী ভাবে পূরণ করতে প্রতি বছর ৬৩.৫ মিলিয়ন ডলার বিনিয়োগের পদক্ষেপ যাতে ৮,৫০০ শিশু সেবার স্থান সংরক্ষিত হয়
  - এই পদক্ষেপের ফলে যে সকল মা-বাবারা কাজ করেন তাদের শিশুদের রক্ষণাবেক্ষন ও খেলাধূলার জন্য মান সম্মত শিশু সেবালয়ের সুযোগ অব্যাহত থাকবে এবং তাঁরা শ্রম শক্তিতে কার্যকর ভূমিকা রাখতে পারবেন।

**সহায়ক অবকাঠামোতে বিনিয়োগসমূহ সম্পূর্ণকরণ**

- ২০০৯-১০ এবং ২০১০-১১ অর্থ বছরে অবকাঠামোতে সর্বচ্চো বিনিয়োগ যাতে ৩০০,০০০-এর বেশী চাকরি তৈরী ও সংরক্ষিত হয়
- কনফারেন্স বোর্ড অব কানাডা-এর মতে অবকাঠামোতে অতিরিক্ত খরচ অংশত বিশ্ব মন্দার প্রভাব কাটিয়ে উঠতে নতুন পন্থা আর অন্টারিওর সত্যিকারের জিডিপি উন্নয়ন ২০০৯ সালে শতকরা ১ ভাগ এবং ২০১০ সালে আরও শতকরা ০.৪ ভাগ যোগ করার আশা।

.../৩

**দ্বায়িত্ব ব্যবস্থাপনা**

- বাস্তব সম্মত এবং দ্বায়িত্বশীল পরিকল্পনা উপস্থাপন যাতে আগামী পাঁচ বছরের মধ্যে অর্ধেক ঘাটতি কমে এবং আট বছরে তা সম্পূর্ণ রূপে দূর হয়
- ২০০৯-১০ অর্থ বছরে ২০১০ বাজেটে ২১.৩ বিলিয়ন ডলারের ঘাটতির পূর্বাভাস – এটা শরত ২০০৯ ইকোনমিক আউটলুক এন্ড ফিসকেল রিভ্যু-তে প্রকাশিত ২৪.৭ বিলিয়ন ডলার ঘাটতির পূর্বাবাসের থেকে ৩.৪ বিলিয়ন ডলার কম
- জন সেবাসমূহ সংরক্ষণ এবং সীমিত সম্পদের সুষ্ঠু বন্টনের মাধ্যমে সেবাসমূহকে চলমান রাখার জন্য নিয়ম-কানুন প্রবর্তন করা যা:
  - প্রদেশের সংসদ সদস্যদের বর্তমান বেতন স্থিতি এক বছর থেকে বৃদ্ধি করে তিন বছর করা
  - যাদের দর কষাকষির সুযোগ নেই সেই সকল রাজনৈতিক এবং লেগিসলেটিভ এসেম্বলি কর্মীদের বেতন-ভাতাদী দু'বছরের জন্য স্থিতি করন
  - সামগ্রীক জন বিভাগ এবং অন্টারিও জন সেবা কর্মী যাদের দর কষাকষি করার সুযোগ নেই তাদের বেতন-ভাতাদী দু'বছরের জন্য স্থিতি করন
  - এই ব্যবস্থাগুলো বিদ্যালয়, হাসপাতাল ও অন্যান্য জনসেবাগুলো চালু রাখতে ৭৫০ মিলিয়ন ডলার পর্যন্ত অন্য খাতে প্রবাহিত করতে সহায়ক হবে
- মধ্য মেয়াদী ভাবে আভ্যন্তরীন ব্যবস্থাপনা ব্যায় ২০১০-১১ অর্থ বছরের পর্যায়ে বা তার নিচে স্থিতি করন
- অন্টারিও সরকারের কর্মসূচী এবং সেবাসমূহের সামগ্রীক পর্যালোচনা চালিয়ে যাওয়া
- একটা দ্বায়িত্বশীল হারে স্বাস্থ্য সেবার খরচের বৃদ্ধির ব্যবস্থাপনা যাতে থাকছে অন্টারিওর ওষুধ ব্যবস্থাপনার পরিবর্তনের প্রস্থাব, ফলে জেনেরিক ওষুধের দাম কমতে সহায়ক হবে
- সহায়ক অর্থয়ন শেষ হলে সরকারের কিছু রাজস্ব প্রকল্পের ধীর গতিতে পরিকল্পনা ও বাস্তবায়ন
- সরকারের কর্মসূচীসমূহের সরবরাহ পদ্ধতির পরিবর্তন যাতে ভোক্তার সেবার উন্নয়ন হয় এবং কার্যকরীতা বৃদ্ধি পায়
- কর্মসূচীসমূহের খরচাদীর বাৎসরিক বৃদ্ধি ২০১২-১৩ অর্থ বছরের পর গড়ে শতকরা ১.৯ ভাগে ধরে রাখা।

**আরও জানুন**

পেছনের কথা জানতে পড়ুন ২০১০ অন্টারিও বাজেট:
- অন্টারিওর ইকোনমিক আউটলুক এন্ড ফিস্কেল প্ল্যান
- উচ্চমাধ্যমিক শিক্ষালয়ে এবং উত্তর অন্টারিওতে নতুন বিনিয়োগের মাধ্যেমে চাকরি তৈরী
- দ্বায়িত্বশীল ব্যবস্থাপনা
- অন্টারিওর কর পরিকল্পনা এবং উন্নয়ন

ম্যাকগিন্টি সরকারের শিক্ষা, স্বাস্থ্য এবং অন্যান্য খাতে বিনিয়োগ সম্পর্কে আরও জানুন।

বাজেটের উল্লেখযোগ্য অংশসমূহ পড়ুন।

সরকারের উন্মুক্ত অন্টারিও পরিকল্পনা সম্পর্কে আরও জানুন।

-৩০-

**শুধুমাত্র গনমাধ্যমের জিজ্ঞাসার জন্য:**
এলিসিয়া জনস্টন, মন্ত্রীর কার্যালয়, ৪১৬-৩২৫-৩৬৪৫
স্কট ব্লজেট, অর্থ মন্ত্রনালয়, ৪১৬-৩২৫-০৩২৪

**সর্ব সাধারনের যোগাযোগের জন্য ১-৮০০-৩৩৭-৭২২২**
(শুধূমাত্র অন্টারিওতে টোল ফ্রি)